সংবাদ

তারিখ 04 MAY 2008
পৃষ্ঠা ১১ কলাম ৬

ডিসিকে তদন্ত প্রতিবেদন

# মহাদেবপুর কারিগরি কলেজ অধ্যক্ষের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ সত্য

প্রতিনিধি, নওগাঁ

মহাদেবপুর কৃষি ও কারিগরি কলেজের অধ্যক্ষ অরুণ কুমার মণ্ডলের বিরুদ্ধে শিক্ষক কর্মচারী ও শিক্ষার্থীদের আনীত সব অভিযোগ সত্য প্রমাণিত হয়েছে। ভুয়া কাগজ দেখিয়ে কলেজে অধিগ্রহণ, কলেজের উন্নয়ন ফান্ডের প্রায় ৪০ লাখ টাকা আত্মসাত, একই সাথে অধ্যক্ষ অরুণ কুমার দুটি কলেজে চাকরি ও এমপিও সহ সব সুবিধা নেয়া এবং বোর্ডের নীতি লংঘন করে পারিবারিক সদ্যদের নিয়ে কলেজের ম্যানেজিং কমিটি তৈরি করে অর্থ বাণিজ্যর সব অপতৎপরতার তথ্য বেরিয়ে এসেছে তদন্ত প্রতিবেদনে।

উল্লেখ্য, ওই কলেজের ৬ জন শিক্ষক কর্মচারী গত ৩০ ডিসেম্বর জেলা প্রশাসকের কাছে অধ্যক্ষ অরুণ কুমারের অনিয়ম দুর্নীতির প্রতিকার চেয়ে অভিযোগ দাখিল করে। জেলা প্রশাসক মহাদেবপুর ইউএনও নজরুল ইসলাম কে তদন্তের নির্দেশ দেন। ইউএনও স্থানীয় মাধ্যমিক শিক্ষা অফিসার মো. জাহিদুলের কাছে তদন্ত ভার অর্পণ করেন।

তদন্তকারী অফিসার গত ১৭ এপ্রিল অরুণ কমারের বিরুদ্ধে শিক্ষক কর্মচারীদের আনীত সব অভিযোগ সত্য এবং প্রয়োজনীয় ব্যবস্থা নেয়ার সুপারিশ করে মহাদেবপুর ইউ এন ওর কাছে রিপোর্ট দেন। ইউ এন ও এই তদন্ত প্রতিবেদন জেলা প্রশাসকের কাছে দাখিল করেছেন।